# বাংলাদেশ কৃষি ব্যাংক

## মুখ্য আঞ্চলিক কার্যালয়

## টাংগাইল (উত্তর)।

**জাতীয় শুদ্ধচার কৌশল আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাংগাইল (উত্তর) এর ১ম প্রান্তিকের (জুলাই/২০২৩-সেপ্টেম্বর/২০২৩) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ জনাব আ.ন.ম বজলুল করিম
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

তারিখ ও সময় ঃ ২৮.০৮.২০২৩ খ্রিঃ, বিকাল ২.৩০ ঘটিকা

স্থান ঃ মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাংগাইল (উত্তর)।

উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় কর্মক্ষেত্রে শুদ্ধচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন নিশ্চিত করণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত প্রকাশ করেন। কর্মক্ষেত্রে দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানবর্তিতা, আইনের প্রতি আনুগত্য তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ে সু-সমম্বয় প্রয়োজন বলে মনে করেন। বর্তমান ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন সময়োপযোগি পদক্ষেপ গ্রহণ অতীব জরুরী বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাংগাইল (উত্তর) এর কর্মকর্তা/কর্মচারীদের সততা, নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম-পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে সভার কাজ শুরু করেন।

০২। সভার শুরুতেই বিগত অর্থ বছরের ৪র্থ প্রন্তিকের গৃহিত সিদ্ধান্ত সমূহের সঠিক বাস্তবায়ন, দুর্বলতা এবং এর বিশ্লেষনে প্রয়োজনীয় পদক্ষেপ সম্পর্কে আলোচনায় প্রধান্য দিয়ে নিম্নোক্ত বিষয় সমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।

ক) শাখা সমূহের সামনের ১০০ দিনের বিশেষ ঋন আদায় ও বিতরনের বিশেষ কর্মসূচী এর ১০০% সফলতার বিষয়ে বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত দিক নির্দেশনা মুলক আলোচনা হয়েছে।

খ) RTGS, Online Transaction সহ দৈনন্দিন লেনদেন কার্যক্রমে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা হয়েছে।

গ) সরকার ঘোষিত সকল প্রনোদনা প্যাকেজ সমূহ শতভাগ অর্জন করা, গ্রীণ ব্যাংকিং ও নারী উদ্দোক্তা এর আওতায় ঋণ বিতরণ শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

ঘ) নিম্ন স্বাক্ষরকারীর উপস্থিতিতে শাখার শীর্ষ ঋণ খেলাপীদের সাথে দ্বি-পাক্ষিক সভা আয়োজনের মাধ্যমে ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করা হয়েছে।

ঙ) সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদের জন্য বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করতে করা হয়েছে এবং এ উদ্দেশ্যে " Women Enterpreneure's Devolopment " কর্তৃক শাখা পর্যায়ের "Women Enterpreneure's Dedicated Help Desk " সমূহের কার্যক্রম মনিটর করা হয়েছে।

চ) ব্যাংকের বিভিন্ন প্রোডাক্ট পরিচিতি বা বিভিন্ন সেবার নিয়মাচার সরাসরি গ্রাহকের/জনসাধারণের কাছে পৌছে দেয়া এবং বিকেবি'র গ্রাহক সেবা গ্রহণে আগ্রহী করে তোলার জন্য শাখার দৃশ্যমান স্থানে পোস্টার, ব্যানার লাগানোর ব্যবস্থা করা হয়েছে।

ছ) আমানতকারীদের মধ্যে ব্যাংকে তারল্য সম্পর্কে যে গুজব প্রচারিত হয়েছে তার বিরুদ্ধে সচেতনামূলক প্রচারনা করা হয়েছে এবং প্রবাসীদের আমানতের বিভিন্ন প্যাকেজ প্রচারনার জন্য বিভিন্নরকম লিফলেট বিতরন করা হয়েছে।

জ) এছাড়াও গত অর্থ বছরে অন্যান্য সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে সম্পাদন করায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানান।

০৩। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনায় ২০২৩-২৪ অর্থ বছরের ১ম প্রান্তিকের জন্য নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ-

ক) ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক ঘোষিত কর্মসূচীর আওতায় ১০০ দিনের বিশেষ ঋন আদায়, ঋন বিতরনের, রেমিট্যান্স এবং আমানত সংগ্রহের বিশেষ কর্মসূচীর ১০০% সফলতার জন্য ক্যাম্পেইন, লিফলেট বিতরন, মাইকিং এবং ফেইস টু ফেইস কন্টাক্ট সহ বিভিন্ন রকম কর্মসূচী গ্রহন করতে হবে।

খ) মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন রোধে সকলকে সচেতন হতে হবে এবং RTGS, Online Transaction সহ দৈনন্দিন লেনদেন কার্যক্রমে সতর্ক থাকতে হবে।

গ) সরকার ঘোষিত প্রনোদনা প্যাকেজের আওতায় ঋণ, গ্রীণ ব্যাংকিং নারী উদ্দোক্তা খাতে শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।

ঘ) শাখা পর্যায়ে খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে দ্বিপাক্ষিক সভার মাধ্যমে খেলাপী ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করা। প্রয়োজনে খেলাপী ঋণ আদায়ের জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঙ) ব্যাংকের বিভিন্ন প্রোডাক্ট পরিচিতি সহ প্রনোদনার ঋণ সমূহ ও বিভিন্ন সেবার নিয়মাচার গ্রাহকের/জনসাধারণের কাছে পৌছে দেয়া এবং বিকেবি গ্রাহক সেবা গ্রহনে আগ্রহী করে তোলার জন্য শাখার দৃশ্যমান স্থানে পোস্টার, ব্যানার লাগানোর ব্যবস্থা করতে হবে।

চ) প্রবাসীদের সঞ্চয়ে উদ্ধুত করার জন্য বিকেবি ঘোষিত আকর্ষনীয় আমানতের বিভিন্ন প্যাকেজ প্রচারনার জন্য বিভিন্ন রকম লিফলেট বিতরন করা সহ আরও অন্যান্য পদক্ষেপ গ্রহন করা হবে

ছ) উপর্যুক্ত সিদ্ধান্ত সমূহের অগ্রগতি ২০২৩/২০২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক/ প্রান্তিকের( অক্টোবর/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

০৩। সভায় আর কোনো আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করেন।

২৮.০৮.২৩

(আ.ন.ম. বজলুল করিম)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
ও
সভাপতি, শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি

নং-মুআকা/টাংঃউঃ/শুদ্ধাচার/প্রশাঃ-০৩/২০২৩-২০২৪/ তারিখ ঃ ২৮.০৮.২০২৩ইং

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ঢাকা।

০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।

০৩। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য অঞ্চল, টাংগাইল (উত্তর)।

০৪। নথি/মহানথি।

# বাংলাদেশ কৃষি ব্যাংক

## মুখ্য আঞ্চলিক কার্যালয়

## টাংগাইল (উত্তর)।

উপস্থিতির তালিকা

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- | --- |
| ০১ | জনাব আ.ন.ম. বজলুল করিম | মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক | সভাপতি | ২৮/০৮/২৩ |
| ০২ | জনাব শামীম আহমেদ | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | সদস্য | ২৮/৮/২৩ |
| ০৩ | জনাব মোঃ হাবিবুর রহমান | মুখ্য কর্মকর্তা | সদস্য | ২৮.০৮.২৩ |
| ০৫ | জনাব মোঃ আমিনুল ইসলাম | উর্ধ্বতন কর্মকর্তা | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা | ২৮/৮/২৩ |